“জ্বালানি নিরাপত্তা সর্বোচ্চ অগ্রাধিকার।”
“দুর্নীতিকে না বলুন, নৈতিকতা মেনে চলুন।”

জরুরি

পশ্চিমাঞ্চল গ্যাস কোম্পানী লিমিটেড
(পেট্রোবাংলার একটি কোম্পানি)
প্রধান কার্যালয়, নলকা, সিরাজগঞ্জ
ম্যাটেরিয়াল প্ল্যানিং শাখা
ফোনঃ ০৭৫১-৬৩৮৩৩, ফ্যাক্সঃ ০৭৫১-৬৩৮২০

নম্বর ২৮.১৮.০০০০.০৪৯.৩৮.০০১.২০.৮৬

তারিখ: ৩১ ভাদ্র ১৪২৭
১৫ সেপ্টেম্বর ২০২০

পুন:বিজ্ঞপ্তি/নোটিশ

বিষয়: **ডমেস্টিক ফিটার তালিকাভূক্তিকরণ ও নবায়নের পুন:বিজ্ঞপ্তি।**

ক) **ডমেস্টিক ফিটার তালিকাভূক্তিকরণ:**

পিজিসিএল এর আওতাধীন এলাকায় ১.১ শ্রেণির তালিকাভূক্ত গ্যাস পাইপ লাইন নির্মাণকারী ঠিকাদারী প্রতিষ্ঠানের অধীনে ডমেস্টিক ফিটার হিসাবে কাজ করার জন্য যোগ্যতা যাচাই পরীক্ষায় অংশ গ্রহণ করতে আগ্রহী প্রার্থীদের অত্র কোম্পানির নির্ধারিত ফরমে আবেদন করার জন্য আহবান করা যাচ্ছে।

আবেদনের যোগ্যতা: অষ্টম ৮ম শ্রেণি পাস, জি.আই পাইপ লাইন নির্মাণ ও গ্যাস সরঞ্জাম স্থাপন কাজের অভিজ্ঞতা (যদি থাকে), ০৩/০৬ মাস কারিগরী কোর্স সম্পন্ন প্রার্থীদের অগ্রাধিকার দেয়া হবে। ডমেস্টিক ফিটার যোগ্যতা যাচাই পরীক্ষায় অংশগ্রহণকারী ফিটারদের আবেদপত্রের ফি বাবদ টাকা ১,০০০.০০ (এক হাজার) মাত্র (অফেরতযোগ্য)।

নগদে নির্ধারিত ০১/১০/২০২০ তারিখের মধ্যে ”পশ্চিমাঞ্চল গ্যাস কোম্পানী লিমিটেড”-এর অনুকুলে বেসিক ব্যাংক লিমিটেড, হিসাব নম্বর : SND ২৯১৬-০১-০০০০০৫৩-এ বেসিক ব্যাংক-এর যে কোন শাখায় জমা প্রদান / যে কোন সরকারী তফশিলধারী ব্যাংক হতে পে-অর্ডার করতে হবে। টাকা জমা প্রদানের মূল রসিদ/ পে-অর্ডার এর মূল কপি জমা প্রদান করতে হবে। আগামী ১৬.০৯.২০২০ হতে ০১.১০.২০২০ তারিখ পর্যন্ত অফিস চলাকালীন সময়ে পিজিসিএল এর পরিকল্পনা বিভাগের ম্যাটেরিয়াল প্লানিং শাখা, নলকা, সিরাজগঞ্জ হতে আবেদপত্র সংগ্রহ এবং জমা প্রদান করা যাবে। পিজিসিএল এর ওয়েব সাইট (pgcl.org.bd) ও সকল আঞ্চলিক বিতরন কার্যালয় হতে আবেদন পত্র সংগ্রহ করা যাবে।

**তালিকাভূক্তির জন্য প্রয়োজনীয় কাগজপত্র ও দলিলাদি:**


১) আবেদনপত্র জমাদানকালে যাচাই-বাছাই করার পর সংশ্লিষ্টদের ইন্টারভিউ কার্ড / প্রবেশ পত্র প্রদান করা হবে। আলাদাভাবে ডাকযোগে কোন ইন্টারভিউ কার্ড / প্রবেশ পত্র প্রেরণ করা হবে না। অসম্পূর্ণ বা ত্রুটিপূর্ণ আবেদন পত্র বাতিল বলে গণ্য হবে।

২) আবেদনপত্রের সাথে নিম্নলিখিত কাগজপত্র দাখিল করতে হবে ক) আবেদনকারীর সদ্য তোলা পাসপোর্ট সাইজের ০২ কপি এবং ষ্ট্যাম্প সাইজের ০২ কপি রঙ্গিন ছবি খ) বায়োডাটা গ) জাতীয় পরিচয়পত্রের ফটোকপি ঘ) অর্থ জমাদানের মূল রশিদ / পে-অর্ডার এর মূল কপি ঙ) শিক্ষাগত যোগ্যতার সনদের সত্যায়িত ফটোকপি চ) ইউপি/পৌরসভা/সিটি কর্পোরেশন কর্তৃক ইস্যুকৃত নাগরিকত্ব সনদ পত্র। সকল কাগজপত্র ১ম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত হতে হবে। সনদধারী ফিটারগণ গ্যাস পাইপ লাইন নির্মাণকারী ঠিকাদারী প্রতিষ্ঠানে ব্যক্তিগত উদ্যোগে নিয়োজিত হবেন। কোম্পানি কোন ফিটারের কর্মসংস্থানের দায়িত্ব নিবে না।

খ) **<u>ডমেস্টিক ফিটার নবায়ন:</u>**

অত্র কোম্পানির সনদপত্রধারী ফিটারদের ২০২০ ও ২০২১ দুই বৎসরের জন্য নবায়ন ফি বাবদ টাকা ৫০০.০০ (পাঁচশত) মাত্র (অফেরতযোগ্য) নগদে নির্ধারিত ০৫/১০/২০২০ তারিখের মধ্যে "পশ্চিমাঞ্চল গ্যাস কোম্পানী লিমিটেড"-এর অনুকূলে বেসিক ব্যাংক লিমিটেড, হিসাব নম্বর : SND ২৯১৬-০১-০০০০০৫৩-এ বেসিক ব্যাংক-এর যে কোন শাখায় জমা প্রদান / যে কোন সরকারী তফশিলদারী ব্যাংক হতে পে-অর্ডার করতে হবে। টাকা জমা প্রদানের মূল রসিদ/ পে-অর্ডার এর মূল কপি ০৫/১০/২০২০ তারিখের মধ্যে জমা প্রদান করতে হবে। আগামী- ১৬.০৯.২০২০ হতে ০৫.১০.২০২০ তারিখ পর্যন্ত অফিস চলাকালীন সময়ে পশ্চিমাঞ্চল গ্যাস কোম্পানী লিমিটেডের পরিকল্পনা বিভাগের ম্যাটেরিয়াল প্লানিং শাখা, নলকা, সিরাজগঞ্জ হতে আবেদপত্র সংগ্রহ এবং জমা প্রদান করা যাবে। **আবেদনপত্র সরাসরি পরিকল্পনা বিভাগের ম্যাটেরিয়াল প্লানিং শাখা, নলকা, সিরাজগঞ্জ-এ জমা প্রদান করতে হবে।** পিজিসিএল-এ তালিকভূক্ত ডমেষ্টিক ফিটার ২০২০ ও ২০২১ দুই পঞ্জিকা বছরে জন্য নির্ধারিত সময়ের মধ্যে আবেদন/ নবায়ন না করিলে ফিটার সনদ বাতিল বলে গণ্য হবে। আবেদনপত্রের সাথে নিম্নলিখিত কাগজপত্র দাখিল করতে হবে ক) আবেদনকারীর সদ্য তোলা পাসপোর্ট সাইজের ০৩ কপি রঙ্গিন ছবি; খ) বায়োডাটা ; গ) জাতীয় পরিচয়পত্রের ফটোকপি ; ঘ) অর্থ জমাদানের মূল রশিদ/পে-অর্ডার এর মূল কপি এবং ঙ) সর্বশেষ ডমেস্টিক ফিটার নবায়ন সনদের ফটোকপি। সকল কাগজপত্র ১ম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত হতে হবে।

পিজিসিএল এর ওয়েব সাইট (pgcl.org.bd) ও সকল আঞ্চলিক বিতরন কার্যালয় হতে আবেদন পত্র সংগ্রহ করা যাবে। এতদসংক্রান্ত যে কোন তথ্যের জন্য পরিকল্পনা বিভাগের ম্যাটেরিয়াল প্লানিং সেকশনের ব্যবস্থাপক (মোবাইল নং- ০১৭০৮৪৫৮৮৯৫) এর দপ্তরে যোগাযোগ করতে পারেন। ডমেস্টিক ফিটার নবায়ন ও টেস্ট গ্রহণের ব্যাপারে পিজিসিএল এর সিদ্ধন্তই চুড়ান্ত বলে গণ্য হবে।



১৫-৯-২০২০

মোঃ ফজলে আলম

মহাব্যবস্থাপক (চলতি দায়িত্ব)

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

১) মহাব্যবস্থাপক, পশ্চিমাঞ্চল গ্যাস কোম্পানী লিমিটেড

২) সংশ্লিষ্ট সকল উপ-মহাব্যবস্থাপক, পশ্চিমাঞ্চল গ্যাস কোম্পানী লিমিটেড

৩) ব্যবস্থাপক, পশ্চিমাঞ্চল গ্যাস কোম্পানী লিমিটেড

৪) ব্যবস্থাপক, আইসিটি শাখা, পশ্চিমাঞ্চল গ্যাস কোম্পানী লিমিটেড

৫) সহকারী ব্যবস্থাপক (সমন্বয়), ব্যবস্থাপনা পরিচালক এর দপ্তর, পশ্চিমাঞ্চল গ্যাস কোম্পানী লিমিটেড

পশ্চিমাঞ্চল গ্যাস কোম্পানী লিমিটেড
(পেট্রোবাংলার একটি কোম্পানী)
নলকা, সিরাজগঞ্জ।

মহাব্যবস্থাপক (পরিকল্পনা ও উন্নয়ন)
পশ্চিমাঞ্চল গ্যাস কোম্পানী লিমিটেড
পরিকল্পনা ও উন্নয়ন ডিভিশন
নলকা, সিরাজগঞ্জ।

বিষয় : **ডমেস্টিক ফিটার নবায়ন/তালিকাভুক্তির জন্য আবেদন।**

জনাব,

যথাবিহীত সম্মানপূর্বক বিনীত নিবেদন এই যে, আমি নিম্নস্বাক্ষরকারী ডমেস্টিক ফিটার টেষ্ট পরীক্ষায় অংশ গ্রহণ করতে ইচ্ছুক। নিম্নেবর্ণিত শর্ত মোতাবেক প্রয়োজনীয় তথ্যসহ আবেদন করতেছি :

১) নাম :
২) পিতার নাম :
৩) মাতার নাম :
৪) বর্তমান ঠিকানা :
৫) স্থায়ী ঠিকানা :
৬) জমাকৃত ফি :
৭) শিক্ষাগত যোগ্যতা :

| ক্রমিক নং | পরীক্ষার নাম | স্কুল/কলেজ | বিভাগ/শ্রেণি/জিপিএ | পাশের সন |
|---|---|---|---|---|
| | | | | |
| | | | | |

৮) অভিজ্ঞতা (যদি থাকে) :
৯) সর্বশেষ নবায়ন সনদ (প্রযোজ্য ক্ষেত্রে) :
১০) মোবাইল নম্বর (আবশ্যিক) :
১১) জাতীয় পরিচয় পত্র নম্বর :

স্বাক্ষর :
আবেদনকারী পূর্ণ নাম :
তারিখ :

**ডমেস্টিক ফিটার টেষ্ট/নবায়নের আবেদনের নিয়মাবলী ঃ**

১) আবেদন পত্রের সাথে ০৪(চার) কপি (২কপি পাসপোর্ট এবং ২কপি ষ্ট্যাম্প সাইজ) ছবি, শিক্ষাগত যোগ্যতার সনদপত্র, জাতীয় পরিচয় পত্র, ইউনিয়ন বা পৌরসভার চেয়ারম্যান কর্তৃক নাগরিকত্ব এবং চারিত্রিক সনদপত্র, কাজের অভিজ্ঞতার সনদপত্র (যদি থাকে) সত্যায়িত করে জমা দিতে হবে। প্রার্থীকে ন্যূনতম অষ্টম শ্রেণী পাশ হতে হবে এবং জি.আই পাইপ লাইনের কাজ সম্পর্কে ধারনা থাকতে হবে। ০৩/০৬ মাস মেয়াদী কারিগরি/ ভোকেশনাল কোঁসধারীদের অগ্রাধিকার দেয়া হবে।

০২) আবেদনকারী নিম্নে বর্ণিত ফি আবেদন পত্রের সাথে জমা দিতে হবে ।
২.১) ডমেষ্টিক ফিটার তালিকাভূক্ত আবেদন ফি টাঃ ১,০০০/-(এক হাজার) মাত্র (অফেরৎযোগ্য)।
২.২) ডমেষ্টিক ফিটার নবায়ন ফি টাঃ ৫০০/-(পাঁচ শত) মাত্র (অফেরৎযোগ্য)।

৩) বিজ্ঞপ্তিতে উল্লিখিত তারিখ অফিস চলাকালীন সময়ের মধ্যে নির্ধারিত ফি "পশ্চিমাঞ্চল গ্যাস কোম্পানী লিমিটেড"-এর অনুকূলে বেসিক ব্যাংক লিমিটেড, হিসাব নম্বর : SND ২৯১৬-০১-০০০০০৫৩-এ বেসিক ব্যাংক-এর যে কোন শাখায় জমা প্রদান / যে কোন সরকারী তফশিলধারী ব্যাংক হতে পে-অর্ডার করত: মূল কপি এবং প্রয়োজনীয় তথ্যাদি/কাগজপত্রসহ নির্ধরিত তারিখের মধ্যে আবেদনপত্র ফরম পূরণ পূর্বক ম্যাটেরিয়াল প্লানিং শাখায় জমা দিতে হবে ।

৪) আবেদনপত্র যাচাই-বাছাই করার পর সঠিক পাওয়া গেলে জমাপ্রদানকালেই ইন্টারভিউ কার্ড / প্রবেশ পত্র প্রদান করা হবে , যাহতে ফিটার টেষ্ট পরীক্ষা গ্রহনের স্থান, তারিখ ও সময় উল্লেখ থাকবে। আলাদাভাবে ডাকযোগে কোন ইন্টারভিউ কার্ড / প্রবেশ পত্র প্রেরণ করা হবে না। অসম্পূর্ণ বা ত্রুটিপূর্ণ আবেদন পত্র বাতিল বলে গণ্য হবে।

৫) উত্তীর্ণ /নবায়নকৃত ডমেষ্টিক ফিটারগণ পশ্চিমাঞ্চল গ্যাস কোম্পানী লিমিটেড এর যথাযথ পূর্বানুমতি গ্রহণ সাপেক্ষে কাজের বিনির্দেশ মোতাবেক অভ্যন্তরীন জিআই লাইন নির্মাণ/ফিটিং/ফিক্সিং/প্রয়োজনীয় কাজে ঠিকাদারী প্রতিষ্টানের মাধ্যমে নিয়োজিত হতে পারবে।

৬) কাজের সময় পরিচয়পত্র বহন/প্রদর্শন বাধ্যতামুলক।

৭) নবায়নের ক্ষেত্রে পশ্চিমাঞ্চল গ্যাস কোম্পানী লিমিটেড-এর নিয়মাবলী ও নির্দেশানা অনুসরণ করা হবে । নবায়নকালে ফিটারগণ অবশ্যই উপস্থিত থাকতে হবে। ফিটার উপস্থিত না থাকলে সনদপত্র ইস্যু/নবায়ন করা হবে না, সনদপত্র নবায়ন না হলে/করলে কাজে নিয়োজিত হতে পারবে না।

৮) উত্তীর্ণ ফিটারগণকে স্ব-উদ্যোগে ঠিকাদারী প্রতিষ্ঠানে নিযুক্তির ব্যাপারে প্রয়োজনীয় ব্যবস্থা নিতে হবে। পশ্চিমাঞ্চল গ্যাস কোম্পানী লিমিটেড-এর কর্তৃপক্ষ এর ব্যাপারে কোন পদক্ষেপ গ্রহণ করবে না বা দায়বদ্ধ থাকবে না।

৯) ডমেষ্টিক ফিটার টেষ্ট সম্পাদন/ নবায়নের ব্যাপারে পশ্চিমাঞ্চল গ্যাস কোম্পানী লিমিটেড-এর গঠিত কমিটির সিদ্ধান্ত চুড়ান্ত বলে গণ্য হবে।

উপরোক্ত নিয়মাবলী যথাযথ ,পড়ে/বুঝে ও মানতে বাধ্য থেকে আমি নিম্নস্বাক্ষরকারী আবেদন করছি।

স্বাক্ষর :

আবেদনকারীর নাম :

তারিখ :